

বৈশিষ্ট্যসম্বাদ
ভোরে কগজ

তারিখ ০০ ০০ ০০ ০০ ০০ ০০
পৃষ্ঠা ০০ ০০ ০০ ০০ ০০ ০০
কলাম ০০ ০০ ০০ ০০ ০০ ০০

NOV. 03 2012

ঢাবির ফিন্যান্স বিভাগের সাবেক ছাত্রছাত্রীদের এলামনাই গঠিত

কগজ প্রতিবেদক : নিজেনের কর্মদক্ষতা এবং অভিজ্ঞতা দিয়ে দক্ষ জনশক্তি গড়ে তুলতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স এবং ব্যাংকিং বিভাগের সাবেক ছাত্রছাত্রীদের নিয়ে গঠন করা হয়েছে ফিন্যান্স এন্ড ব্যাংকিং এলামনাই এসোসিয়েশন (এফবিএএ)।

সানীয় এ.টি হোটেলের আয়োজিত এক সংবাদ সম্মেলনে এফবিএএ-এর আনুষ্ঠানিক যাত্রা ঘাষণা করা হয়। এতে এসোসিয়েশনের প্রেসিডেন্ট মোজাফফর সিদ্দিক, ভাইস প্রেসিডেন্ট রিজওয়ান বিন ফারুক, সাধারণ সম্পাদক ড. হুমায়ুন হোসেন এবং যুগ্ম সম্পাদক রিজিনা নাসের বক্তব্য রাখেন।

সম্মেলনে বলা হয়, ১৯৭৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স এবং ব্যাংকিং বিভাগ প্রতিষ্ঠিত হয়। এ পর্যন্ত বিভাগটি থেকে ২ হাজার ২০০ ছাত্রছাত্রী বের হয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিশেষ করে ব্যাংকিং সেক্টরে কর্মরত আছেন। এফবিএএ গঠিত হয়েছে। সাবেক এই ছাত্রছাত্রীদের অভিজ্ঞতা, কর্মদক্ষতা কাজে লাগিয়ে যাতে নতুন প্রজন্মকে কর্মদক্ষ করা যায় এফবিএএ জন্য ফিন্যান্স, ব্যাংকিং এবং ইনস্যুরেন্স খাতে সেমিনার, অভিজ্ঞতা বর্ণনা ও বুকলেট প্রকাশ করবে। এফবিএএ www.fbalumni.com ঠিকানায় একটি ওয়েব পেইজও কলেছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী এই পেইজ থেকে ব্যাংকসহ বিভিন্ন প্রতিষ্ঠানের চাকরির জন্য কিভাবে ইন্টারভিউ দিতে হয়, তার বর্ণনাও থাকবে।

তারা বলেন, মেধাবী ছাত্রছাত্রীদের উৎসাহিত করতে এফবিএএ প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে ১০ জনকে প্রেসিডেন্ট পুরস্কার দিবে।

এদিকে এফবিএএ-এর প্রতিষ্ঠা উপলক্ষে আগামী ১৮ সেপ্টেম্বর ঢাকায় ওসমানী স্মৃতি মিলনায়তনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।